

## পর্যটন কর্পোরেশনের গণশুনানি

- A Monitor Desk Report

Date: 01 September, 2021



বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এই প্রথম বারের মতো আয়োজন করলো এক গণশুনানি। গণশুনানিতে অংশ নেন দেশের পর্যটন শিল্পের প্রতিনিধিরা এবং এর পাশাপাশি অংশ নেন সরাসরি ভোক্তারা।

টোয়্যাবের সভাপতি জনাব রাফিউজ্জামান বেশ কিছু বিষয় তুলে ধরেন, যেমন অনলাইন হোটেল বুকিং, খাবারের অধিক মূল্য, টোয়্যাব সদস্যদের সুবিধাদি প্রদানের বিষয়ে কথা বলেন এবং আশা প্রকাশ করেন যে আগামী দিনে টোয়্যাবের সাথে পর্যটন কর্পোরেশনের যে সুসম্পর্ক আছে তা আরো বৃদ্ধি হবে। তিনি পর্যটন বোর্ড গঠনে প্রাইভেট সেক্টরের প্রতিনিধিত্ব আশা করেন।



ট্রিয়াবের সভাপতি জনাব খবিরউদ্দিন আহমেদ বলেন বাংলাদেশের হোটেল-মোটেলের লাইসেন্সের ক্ষেত্রে পর্যটন কর্পোরেশন দায়িত্ব নিতে পারে। তিনি দাবি করেন দেশে বিদেশী পর্যটক টানতে হলে নাইট লাইফের ব্যবস্থা প্রয়োজন এবং সেই সাথে ক্যাসিনো ও বার চালু করতে হবে।

ভোক্তাদের মধ্যে প্রধান অভিযোগ ছিল খাদ্যের মূল্য। এছাড়া জনাব সৈয়দ গোলাম কাদের ডব্লিউ টি এন বাংলাদেশ চ্যাপ্টার -এর মহাসচিব বলেন সকল পর্যটন মোটেলের সক্ষমতা এক নয় ফলে ইন-হাউস ট্রেনিং প্রয়োজন এবং নতুন কোনো হোটেল মোটেল নির্মাণে প্রতিযোগিতার মাধ্যমে নকশা প্রণয়ন করা যাতে স্কুল ঘর মারকা ডিসাইন না হয়।

পর্যটন চেয়ারম্যান মোঃ হান্নান মিয়া তার বক্তব্যে সকল প্রশ্নের উত্তর দেন। তিনি জানান যেহেতু পর্যটন একটি সরকারি প্রতিষ্ঠান ফলে আমরা

সরকারি সকল নিয়ম অনুসূরণ করি সে কারণে আমাদের পক্ষে মূল্য কমানোর কোনো সুযোগ নেই তবে আমরা ক্রেতা সাধারণের কথা বিবেচনা করে ইকোনমি প্যাকেজ চালু করেছি। তিনি জনাব খবিরউদ্দিনএর প্রশ্নের জবাবে বলেন সাবরাং চালু হলে এ সকল সুবিধা পাওয়া যেতে পারে। তিনি আরো জানান বোর্ড গঠনে প্রাইভেট সেক্টর প্রতিনিধি থাকবেন। অনলাইন হোটেলে বুকিং সম্পর্কে জানান আমরা আগামীকাল এই সেবা প্রাথমিক ভাবে চালু করবো।